গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.০১৯.২৭.০৩৭৬.২৫-৩৬ তারিখঃ ২৭/০৭/২০২৫

বিষয়: জনাব মো: ইখতিয়ার উদ্দিন, হিসাব রক্ষক কাম উচ্চমান সহকারী, উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরণ।

অভিযোগনামা
মামলা নম্বর- ২১৮

যেহেতু, আপনি জনাব মো: ইখতিয়ার উদ্দিন, হিসাব রক্ষক কাম উচ্চমান সহকারী, উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পটুয়াখালী আপনার বিরুদ্ধে ০৩/০৭/২০২৪ তারিখে অসদাচরণ, পলায়ন ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত বিভাগীয় মামলায় ২৪/০৩/২০২৫ তারিখে দুই বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদন্ড প্রদান করা হয় এবং অননুমোদিত অনুপস্থিতির মেয়াদ অর্থাৎ ০৩ আগষ্ট ২০২৩ তারিখ হতে কর্মস্থলে যোগদানের পূর্ব দিন পর্যন্ত সময় অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হয়;

যেহেতু, আপনি ২৪/০৩/২০২৫ তারিখে উক্ত দন্ডাদেশের পরও কর্মস্থলে যোগদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি; তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এর অভিযোগের প্রেক্ষিতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। প্রাথমিক তদন্তে প্রমাণিত হয় আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ধারাবাহিকভাবে ০৩/০৮/২০২৩ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনি ১৬/০২/২০২৩ তারিখে জনৈক জনাব মো: বশির উদ্দিন, অফিস সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালীকে জামিনদার করে রুপালী ব্যাংক লিমিটেড, নিউ টাউন শাখা, পটুয়াখালী হতে ব্যক্তিগত ঋণ বাবদ ৫,০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা উত্তোলনপূর্বক ০৭ কিস্তি পরিশোধ করেন। আপনি ঋণ খেলাপী হওয়ায় ব্যাংক কর্তৃক জামিনদার জনাব মো: বশির উদ্দিন এর বেতন হতে প্রতিমাসে ঋণ বাবদ ৮,৫০০/- টাকা করে মোট ২,০০০০০/- (দুই লক্ষ) টাকা কর্তন করা হয়। আপনি যথাসময়ে ব্যাংক ঋণের কিস্তি পরিশোধ না করে প্রতারণা করেছেন;

যেহেতু, আপনি ০৮/০৪/২০২১ তারিখে জনৈক জনাব মো: আবদুল বাছেদ পন্ডিত, গ্রাম: দক্ষিণ দাশপাড়া, পোষ্ট: গছানি, উপজেলা: দশমিনা, জেলা: পটুয়াখালী এর নিকট হতে চেক ও ষ্ট্যাম্প স্বাক্ষর করে নগদ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) ধার হিসেবে গ্রহণ করেন এবং অদ্যাবধি উক্ত টাকা পরিশোধ না করে প্রতারণা করেছেন;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্তস্থলে উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদান করা হলেও আপনি তদন্তস্থলে উপস্থিত হননি এবং ফোন করা হলেও আপনি ফোন ধরেননি বা তদন্ত কর্মকর্তার সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি; বারংবার আপনার এরূপ চাকুরী শৃঙ্খলা পরিপন্থী আচরণের কারণে প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ন হচ্ছে এবং সরকারি কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে;

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে "চাকুরী হতে বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহনের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে এক ফর্দ।

(জিনাত আরা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

**বর্তমান ঠিকানা:**
জনাব মো: ইখতিয়ার উদ্দিন
হিসাব রক্ষক কাম উচ্চমান সহকারী
উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পটুয়াখালী।

**স্থায়ী ঠিকানাঃ**
জনাব মো: ইখতিয়ার উদ্দিন
পিতা- মৃত ইসহাক মিয়া
গ্রাম- খাজুরবাড়ীয়া, ডাকঘর- দাসপাড়া
উপজেলা- বাউফল, জেলা-পটুয়াখালী।

# অভিযোগ বিবরণী

জনাব মো: ইখতিয়ার উদ্দিন, হিসাব রক্ষক কাম উচ্চমান সহকারী, উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পটুয়াখালীর বিরুদ্ধে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) শিরিন সুলতানা কর্তৃক আনীত অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিম্নরূপ:

তার বিরুদ্ধে ০৩/০৭/২০২৪ তারিখে অসদাচরণ, পলায়ন ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত বিভাগীয় মামলায় ২৪/০৩/২০২৫ তারিখে দুই বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদন্ড প্রদান করা হয় এবং অননুমোদিত অনুপস্থিতির মেয়াদ অর্থাৎ ০৩ আগষ্ট ২০২৩ তারিখ হতে কর্মস্থলে যোগদানের পূর্ব দিন পর্যন্ত সময় অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হয়;

তিনি ২৪/০৩/২০২৫ তারিখে উক্ত দন্ডাদেশের পরও কর্মস্থলে যোগদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি; তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এর অভিযোগের প্রেক্ষিতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। প্রাথমিক তদন্তে প্রমাণিত হয় তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ধারাবাহিকভাবে ০৩/০৮/২০২৩ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

তিনি ১৬/০২/২০২৩ তারিখে জনৈক জনাব মো: বশির উদ্দিন, অফিস সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালীকে জামিনদার করে রুপালী ব্যাংক লিমিটেড, নিউ টাউন শাখা, পটুয়াখালী হতে ব্যক্তিগত ঋণ বাবদ ৫,০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা উত্তোলনপূর্বক ০৭ কিস্তি পরিশোধ করেন। তিনি ঋণ খেলাপী হওয়ায় ব্যাংক কর্তৃক জামিনদার জনাব মো: বশির উদ্দিন এর বেতন হতে প্রতিমাসে ঋণ বাবদ ৮,৫০০/- টাকা করে মোট ২,০০০০০/- (দুই লক্ষ) টাকা কর্তন করা হয়। তিনি যথাসময়ে ব্যাংক ঋণের কিস্তি পরিশোধ না করে প্রতারণা করেছেন;

তিনি ০৮/০৪/২০২১ তারিখে জনৈক জনাব মো: আবদুল বাছেদ পন্ডিত, গ্রাম: দক্ষিণ দাশপাড়া, পোষ্ট: গছানি, উপজেলা: দশমিনা, জেলা: পটুয়াখালী এর নিকট হতে চেক ও ষ্ট্যাম্প স্বাক্ষর করে নগদ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) ধার হিসেবে গ্রহণ করেন এবং অদ্যাবধি উক্ত টাকা পরিশোধ না করে প্রতারণা করেছেন;

তাকে তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্তস্থলে উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদান করা হলেও তিনি তদন্তস্থলে উপস্থিত হননি এবং ফোন করা হলেও তিনি ফোন ধরেননি বা তদন্ত কর্মকর্তার সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি; বারংবার তার এরূপ চাকুরী শৃঙ্খলা পরিপন্থী আচরণের কারণে প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে এবং সরকারি কার্যক্রম মারত্মকভাবে বিঘ্নিত হচ্ছে;

জনাব মো: ইখতিয়ার উদ্দিন, হিসাব রক্ষক কাম উচ্চমান সহকারী, উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পটুয়াখালী-এর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে ''অসদাচরণ'' ও ''পলায়ন'' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

২০/০৩/২০২৫

(জিনাত আরা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)